গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।
তারিখ ও সময়	:	২৯.১২.২০১৬ খ্রিঃ, দুপুরঃ ১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশলের অধীন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভা শুরু করেন। স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালকগণ উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ করেন।

২. জনাব আ: গাফ্ফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন) উপস্থাপনায় অবহিত করেন যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। রূপকল্প ২০২১ (Vission) 'সুখী সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ (Mission) 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'-য় দপ্তর/অধিদপ্তর/সংস্থার সকলকে আন্তরিকভাবে কাজ করে যেতে হবে, পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠার লক্ষে আইনগত ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. **প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার:** প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার' বিষয়টি অন্তর্ভুক্তির বাধ্যবাধকতা রয়েছে। নিপোর্ট, নিমিউ এন্ড টিসি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার যথারীতি অন্তর্ভুক্ত করা হয়েছে। টেমো-তে কোন প্রশিক্ষণ কার্যক্রম নেই। পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে অধিদপ্তরের প্রতিনিধি জানান। অন্যান্য অধিদপ্তর/সংস্থা হতে এ সংক্রান্ত কোন রিপোর্ট পাওয়া যায়নি।

৪. **গণশুনানি:** সভাপতি সকল অধিদপ্তর/সংস্থায় ০৩ (তিন) দিনের মধ্যে গণশুনানির নিমিত্ত কমিটি গঠনক্রমে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। অধিকন্তু, মন্ত্রণালয়ের জন্যও গণশুনানি বিষয়ক একটি কমিটি (৫-৬ সদস্য) গঠনক্রমে গণশুনানীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

৫. **শুদ্ধাচার কর্মপরিকল্পনার (জুলাই,২০১৬ - জুন,২০১৭) বাস্তবায়ন অগ্রগতি:**

(ক) জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপ-সচিব প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা বলেন যে, প্রথম কোয়ার্টারলি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা সম্ভব হবে।

(খ) এমএসআর বন্টন গাইড লাইন, ২০১৬ হালনাগাদকরণ এবং মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়নের অগ্রগতি আলোচনায় জনাব ফয়েজ আহমেদ, অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, এমএসআর বন্টন গাইড লাইন, ২০১৬ হালনাগাদকরণ করা হয়েছে। মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়ন বিষয়ে তিনি জানান, আইনটির খসড়া চূড়ান্ত করা হয়েছে। কিন্তু অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সমস্যা বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেন মতামত/ইনপুট দিতে চাইলে তা অন্তর্ভুক্তিক্রমে পুনরায় উপস্থাপন করা হবে। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ প্রণয়ন বিষয়ে বেগম ফৌজিয়া খান, সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-৩) জানান যে, আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের নীতিগত অনুমোদনের পর গত ০২.১১.২০১৬ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে অব্যাহতভাবে যোগাযোগ রাখা হচ্ছে।

(গ) সেবা পরিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ প্রণয়ন এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল আইন, ২০১৬ প্রণয়ন বিষয়ে জনাব সুভাস চন্দ্র সরকার, অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও নার্সিং) জানান, সেবা পরিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর গেজেট জারী করা হয়েছে এবং বিষয়টির নিষ্পত্তি হয়েছে। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল আইন, ২০১৬ গত ০৭.১২.২০১৬ তারিখে জাতীয় সংসদে পাস হয়েছে।

(ঘ) জাতীয় ঔষধনীতি, ২০১৬ বিষয়ে জনাব মো: গোলাম কিবরিয়া, পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, গত ২৬.১২.২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে জাতীয় ঔষধনীতি, ২০১৬ এর নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে।

(ঙ) জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়নের বিষয়ে বেগম নাহিদ সুলতানা মল্লিক, উপপ্রধান, মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট জানান, মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিটে জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়ন অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্নের জন্য মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিটকে নির্দেশনা প্রদান করেন।

৬. **অনলাইন সেবা:**

(ক) অনলাইন রেসপন্স সিস্টেম চালু, অনলাইন সেবা প্রদান কার্যক্রমে মন্ত্রণালয়ের অগ্রগতিতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং জরুরি ভিত্তিতে প্রযুক্তিগত ও প্রশিক্ষণ বিষয়ক কার্যক্রম শুরুর নির্দেশনা দেন।

(খ) ভিডিও কনফারেন্সিং এর ক্ষেত্রে মন্ত্রণালয়ের ওয়ান টু ওয়ান সুবিধা রয়েছে। একাধিক পয়েন্টে একইসাথে কনফারেন্সিং এর সুবিধা নেই। জরুরি ভিত্তিতে এ সুবিধা প্রতিষ্ঠা/অর্জন প্রয়োজন মর্মে সভাপতি অভিমত প্রকাশ করেন।

৭. **ই-টেন্ডারিং:** মন্ত্রণালয়ে নিজস্ব প্রক্রিউরমেন্টের ক্ষেত্রে ই-টেন্ডারিং চালুকরণের লক্ষ্যমাত্রা ৩০.০৬.২০১৭। এ বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং নির্ধারিত তারিখের পূর্বেই ই-টেন্ডারিং চালু করতে হবে।

৮. **বিবিধ:**

(ক) মন্ত্রণালয়ের প্রত্যেক কর্মকর্তাকে মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সংযুক্তকরণের নিমিত্ত সভাপতি জরুরি ভিত্তিতে আদেশ জারির নির্দেশনা দেন।

(খ) পরবর্তি সভা হতে বিষয়সমূহ পাওয়ার পয়েন্টে উপস্থাপন করতে হবে।

(গ) জানুয়ারী ২০১৭ মাসের শেষ সপ্তাহে নৈতিকতা কমিটির পরবর্তি সভা অনুষ্ঠিত হবে।

৯. **গৃহীত সিদ্ধান্তসমূহ:**

ক্র:নং:	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিষ্ঠান
০১.	প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার' অন্তর্ভূক্তি।	মহাপরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা /ঔষধ প্রশাসন/স্বাস্থ্য প্রকৌশল/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
০২.	গণশুনানীর নিমিত্ত আগামী তিন কর্মদিবসের মধ্যে কমিটি গঠনক্রমে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	মহাপরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা /স্বাস্থ্য প্রকৌশল/ঔষধ প্রশাসন/নার্সিং ও মিডওয়াফারী /নিমিউ এন্ড টিসি/নিপোর্ট) অধিদপ্তর
০৩.	মন্ত্রণালয়ের জন্যও গণশুনানি বিষয়ক একটি কমিটি (৫-৬ সদস্য) গঠনক্রমে গণশুনানীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জিআরএস ফোকাল পয়েন্ট (প্রশাসন-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪.	অনলাইন রেসপন্স সিস্টেম চালু এবং ভিডিও কনফারেন্সিং এর ক্ষেত্রে মাল্টিপল পয়েন্টে একই সাথে কনফারেন্সিং এর সুবিধা সম্বলিত সিস্টেম চালুকরণ	সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল ও অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫.	মন্ত্রণালয়ে নিজস্ব প্রক্রিউরমেন্টের ক্ষেত্রে ই-টেন্ডারিং চালুকরণ	যুগ্মসচিব (প্রশাসন),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬.	প্রত্যেক কর্মকর্তাকে মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সংযুক্তকরণের নিমিত্ত জরুরিভিত্তিতে আদেশ জারি	সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৭.	পরবর্তি সভা হতে বিষয়সমূহ পাওয়ার পয়েন্টে উপস্থাপন	ফোকাল পয়েন্ট (প্রশাসন-৪),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:-
(মো: সিরাজুল ইসলাম)
সচিব

নং- ৪৫.১৪১.০১৪.০০.০০.০০২.২০১৩-২৪ তারিখঃ ২২.০১.২০১৭ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/পরিবার কল্যাণ ও কার্যক্রম/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/হাসপাতাল/শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক ও অতিরিক্ত সচিব (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), আনসারি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৪. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/নিপোর্ট), ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপপ্রধান (মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৯. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১১. ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

22 01 2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপ-সচিব
ফোন নং- ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয় অধিশাখা)
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২৫ তারিখঃ ২২.০১.২০১৭খ্রিঃ

সভার নোটিশ

যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার জনাব আ: গাফফার খান এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভা আগামী **২৯.০১.২০১৭ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায়** মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩), বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে। সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সভার আলোচ্যসূচিঃ

(ক) গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
(খ) মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলটসমূহের অগ্রগতি;
(গ) স্কেল আপ/রেপ্লিকেবল পাইলটসমূহ;
(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা (২য় রাউন্ড) গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি;
(ঙ) বিবিধ।

22.01.2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব (মেরামত ও রক্ষণাবেক্ষণ) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব (জনস্বাস্থ্য-১/প্রবা-৩/প্রশাসন- ১) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক (গবেষণা) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারি ভবন, তোপখানা রোড, স্বাপকম, ঢাকা।
৪. উপপ্রধান (স্বাস্থ্য), পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (হাসপাতাল-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ ঔসধ প্রশাসন অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. যুগ্মসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে গাড়ীসহ প্রবেশের অনুরোধসহ)।
২. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সভা সমন্বয়কারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা [৩৫ (পঁয়ত্রিশ) জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।]